

ঢাকা, ২৪ জানুয়ারি ২০২১

শিক্ষা ব্যবস্থাকে টেলে সাজাতে কাজ করছে সরকার -মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি.

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন শিক্ষা ব্যবস্থাকে টেলে সাজানোর জন্য কাজ করছে সরকার। তিনি বলেন শিক্ষা হবে আনন্দময়। জিপিএ ৫ এর উন্মাদনা নয়। জিপিএ ৫ পাওয়ার অসুস্থ প্রতিযোগিতা থেকে বের হয়ে আসতে হবে।

মন্ত্রী বলেন ইন্ডাস্ট্রি একাডেমিয়া সম্পর্ক আরো বৃদ্ধি করতে সরকার কাজ করছে এবং ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী কারিকুলাম পরিবর্তন করা হচ্ছে। পাশাপাশি শিক্ষার্থীদের বিভিন্ন সফট স্কিল সম্পর্কে জানার উপরও গুরুত্ব দেয়া হচ্ছে। লেখাপড়া করে ভাল চাকরী পাওয়াই যেন শিক্ষার্থীদের একমাত্র উদ্দেশ্য না হয়। দক্ষতা অর্জনের পাশাপাশি শিক্ষার্থীদের মধ্যে মানবিকতাবোধ, সততা ও নৈতিকতাবোধ জাগ্রত করতে হবে। বর্ণ, ভাষা, সংস্কৃতির ভিন্নতা সত্যেও মানবিক গুণাবলীর বিকাশ ঘটিয়ে পারস্পরিক শান্তি ও সৌহার্দ্য পূর্ণভাবে বাস করার সংস্কৃতি শিক্ষার্থীদের মাঝে জাগ্রত করতে হবে।

তিনি আজ আন্তর্জাতিক শিক্ষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে **Recover and Revitalize Education for the COVID 19 Generation** শীর্ষক আলোচনা সভায় অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। ধারাবাহিক মূল্যায়নের প্রতি গুরুত্বারোপ করে মন্ত্রী বলেন পরীক্ষা নির্ভর সনদ সর্বস্ব শিক্ষা থেকে আমরা বের হয়ে আসার চেষ্টা করছি। আমরা ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতিকে গুরুত্ব দিচ্ছি। তিনি বলেন শিক্ষার্থীদের জীবন ব্যাপী শিখতে শিখতে হবে। আমাদের শিক্ষার্থীদের জানতে হবে কিভাবে জীবন ব্যাপী শিখা যায়।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সেক্রেটারি জেনারেল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ মাহবুব হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম.পি, মোঃ আমিনুল ইসলাম খান, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, গোলাম মোঃ হাসিবুল আলম, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মিড বিয়ান্ট্রিস কালদুন, হেড অব অফিস এন্ড ইউনেস্কো রিপ্রেজেন্টেটিভ টু বাংলাদেশ।

আলোচনা সভায় মূল আলোচক হিসেবে যুক্ত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দীন।

বিশেষ অতিথির বক্তব্যে মহিবুল হাসান চৌধুরী বলেন দক্ষতা নির্ভর শিক্ষায় বাংলাদেশ সারা বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করবে। উচ্চ শিক্ষায় ইন্ডাস্ট্রি একাডেমিয়া যোগাযোগের উপর গুরুত্বারোপ করে উপমন্ত্রী বলেন উচ্চ শিক্ষায় বৈপ্লবিক পরিবর্তন আনা জরুরী।

আলোচনা সভায় বক্তারা শিক্ষা প্রতিষ্ঠান আস্তে আস্তে খুলে দেয়া এবং কারিগরি শিক্ষায় আরো বেশী গুরুত্বারোপ করার উপর মতামত ব্যক্ত করেন।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল: ০১৭১৬-০৬৬৮৮৮